গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS কর্ম-পরিকল্পনা ভূতাপেক্ষভাবে অনুমোদন এবং এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ খসড়া পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান কর্মশালা এবং নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোশাররফ হোসেন<br>অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১০ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি) বলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা ভূতাপেক্ষভাবে অনুমোদন এবং এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ খসড়া পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান কর্মশালা এবং নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে NIS ডেস্ক কর্মকর্তা এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ নৈতিকতা কমিটির অনুমোদনের জন্য এবং অধীনস্থ দপ্তর/সংস্থার খসড়া কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন।

০২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS ডেস্ক কর্মকর্তা সভাকে জানান, এ বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ও NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনাক্রমে প্রস্তুত করা হয়। পরবর্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে ২৮/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত কর্মশালার নির্দেশনা অনুসারে সংশোধন করে সচিব মহোদয়ের স্বাক্ষরে নির্ধারিত সময়ে ০৩/০৭/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। NIS কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) ভূতাপেক্ষভাবে নৈতিকতা কমিটির অনুমোদন প্রয়োজন। তিনি পর্যায়ক্রমে এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের খসড়া NIS কর্ম-পরিকল্পনা এবং কর্ম-পরিকল্পনার সংশোধনযোগ্য বিষয় সভায় উপস্থাপন করেন।

০৪। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি উপসচিব জনাব আলতাফ হোসেন সেখ সভায় এ বিভাগ ও অধীন্থ দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনায় যে সকল বিষয়ে বিভ্রান্তি/সংশোধনযোগ্য বিষয় রয়েছে তার উপর করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করেন।

০৫। নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। এ বিভাগ হতে সংস্থা প্রধান হিসেবে ডিটিসিএ'র প্রাক্তন নির্বাহী পরিচালক সৈয়দ আহম্মদ ১ম হতে ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তার মধ্য হতে ড. কামরুল আহসান, যুগ্ম সচিব এবং ১১ হতে ২০ গ্রেডের কর্মচারিদের মধ্য হতে জনাব আবু তালেব, অফিস সহায়ক শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হওয়ায় সভা তাদেরকে অভিনন্দন জানায়।

চলমান পাতা-২

০৫। এ বিভাগের যুগ্মসচিব, প্রশাসন সভায় NIS সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণকারী সকলের জন্য সম্মানীভাতার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান মন্ত্রিপরিষদ বিভাগে কর্মশালায় অংশগ্রহণকারীদের জন্য সম্মানীভাতার ব্যবস্থা আছে। যুগ্মসচিব, প্রশাসন বলেন এ বিভাগেও এটার প্রচলন করতে পারে। এ বিষয়ে নৈতিকতা কমিটির দৃষ্টি আকর্ষন করে বিষয়টি অনুমোদনের সুপারিশ করা হয়।

০৬। সভাপতি NIS কর্মপরিকল্পনাভূক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের উদ্যোগী হতে অনুরোধ করেন। তিনি বলেন, এ বিভাগের ৩.২ ক্রমিকের কার্যক্রম Highway Act খসড়া যুগোপযোগীকরণ মন্ত্রিপরিষদ বিভাগে পর্যালোচনা কমিটিতে প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে কারণে সড়ক ও জনপথ অধিদপ্তরের NIS কর্মপরিকল্পনাভূক্ত ৩.১ ক্রমিকে কার্যক্রম 'Highway Act খসড়া যুগোপযোগীকরণ' খসড়া প্রণয়ন করে আগামী ৩০/১২/২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। NIS কর্মপরিকল্পনাভূক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে মর্মে আলোচনা হয়।

সিদ্ধান্ত :

১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত নিম্নোক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রাসহ প্রাসঙ্গিক তথ্য সংশোধনের সিদ্ধান্ত হয়

(ক) ৩.১ ক্রমিকের ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা ২০১৮ চূড়ান্তকরণ এর লক্ষ্যমাত্রা ৩০.০৬.২০১৯ এর পরিবর্তে ৩০.০৫.২০১৯ নির্ধারণ করা হয়।

(খ) ৩.২ ক্রমিকের Highway Act (সংশোধন)-২০১৮ খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের পর্যালোচনা কমিটিতে প্রেরণ এর লক্ষ্যমাত্রা ৩০.০৬.২০১৯ এর পরিবর্তে ২০.০৬.২০১৯ নির্ধারণ করা হয়।

(গ) ৬.১ ক্রমিকের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন এর লক্ষ্যমাত্রা ৩০.০৯.২০১৮ এর পরিবর্তে ৩১.০৭.২০১৮ নির্ধারণ করা হয়।

(ঘ) ৭.১ ক্রমিকের পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০১৮-১৯-এর একটি লক্ষ্যমাত্রা ৩০.০৭.১৮ নির্ধারণ করা হয়।

(ঙ) ৮.২ ক্রমিকের রাজস্ব উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ সময়মত ছাড় নিশ্চিতকরণ লক্ষ্যমাত্রা চার প্রান্তিকে যথাক্রমে ১৫%, ২৫%, ৫০% ও ১০০% নির্ধারণ করা হয়।

(চ) ৮.৩ ক্রমিকের কর্মকর্তা-কর্মচারি বদলীকালে প্রমিত নিয়ম-নীতি অনুসরণ বাস্তবভিত্তিক করতে লক্ষ্যমাত্রা কমিয়ে প্রতি প্রান্তিকে ৮০% নির্ধারণ করা হয়।

২. সড়ক ও জনপথ অধিদপ্তর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত

(ক) ২.২ ক্রমিকের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরূপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা এর লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।

(খ) ২.৩ ক্রমিকের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান এর লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।

(গ) ৩.১ ক্রমিক Highway Act এর সংশোধন এবং খসড়া চূড়ান্ত করণ এর লক্ষ্যমাত্রা পুনর্নির্ধারণ করে ডিসেম্বর, ২০১৮ এর মধ্যে সম্পন্ন করতে সময় এগিয়ে আনতে হবে;

(ঘ) ৬.৩ ক্রমিকের কার্যক্রমের সূচক সংশোধন করতে হবে।

(ঙ) ৭.২ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স লনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে।

(চ) ৮.১ ক্রমিকের নৈতিকতা সম্পর্কিত পোস্টার/ লিফলেট/ভাজ তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।

(ছ) ১১.১ ক্রমিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল এর নির্ধারিত লক্ষ্যমাত্রার তারিখ ১২/০৭/২০১৮।

(জ) ১১.২ ক্রমিকে নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রায় ৪টি তারিখ উল্লেখ করতে হবে।

(ঝ) ১১.৪ ক্রমিকের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন লক্ষ্যমাত্রার তারিখ পরিবর্তন করতে হবে;

৩. ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত

(ক) ১.৩ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে; তারিখ সংশোধন করে ১টি তারিখ নির্ধারণ হবে;

(খ) ১.৪ ক্রমিকের উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে প্রেরণ এর লক্ষ্যমাত্রার তারিখ সংশোধন করতে হবে (১/১/২০১৯ ও ৩১/১২/১৮ দুটি তারিখ আছে);

(গ) ৩.১ ক্রমিকের শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র -এর বাস্তবায়ন এবং প্রযোজ্যক্ষেত্রে খসড়া প্রণয়ন এর লক্ষ্যমাত্রায় কার্যক্রম থাকা বাঞ্ছনীয়;

(ঘ) ৪.১ ক্রমিক স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ঙ) ৪.৪ ক্রমিকে তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(চ) ৪.৫ ক্রমিক তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ এর লক্ষ্যমাত্রার সংখ্যা পর্যাপ্ত সংখ্যক করে পুনর্নির্ধারণ করতে হবে। সংখ্যা মাত্রা ২ আছে;

(ছ) ৫.৬ ক্রমিকের সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান এর লক্ষ্যমাত্রা দেয়া যেতে পারে;

(জ) ৬.২ ক্রমিক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ৫০% আছে, কিন্তু ২ প্রান্তিকে যথাক্রমে ১০% ও ১৫% আছে। তা যথাযথভাবে সংশোধন করতে হবে।

(ঝ) ৬.৩ ক্রমিকের চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণ এর একক সংখ্যার পরিবর্তে % হবে এবং প্রতি প্রান্তিকে ভাগ করে দেখাতে হবে;

চলমান পাতা-৪

(ঞ) ৭.২ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ট) ৮ ক্রমিক নম্বর পরিবর্তন করতে হবে এবং সূচকের মান পরিবর্তন করে প্রতিটি ২ করে হবে;

(ঠ) ১০.১ ক্রমিকের অংশীজন সভা, প্রশিক্ষণ ব্যয়, NIS পুরস্কার ও NIS সংশ্লিষ্ট ব্যয়সহ অর্থ যোগ করে প্রযোজ্য পরিমাণ ভাগ করে ৪ প্রান্তিকে দেখাতে হবে;

৪. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত

(ক) ৩.১ ক্রমিকের কার্যক্রমের নাম সুনির্দিষ্ট করতে হবে, সূচক-এর নাম, মান-এ ১০ এবং একক-এ তারিখ লিখতে হবে;

(খ) ৭.৪ ক্রমিকের দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন কার্যক্রমের বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এর নাম উল্লেখ করতে হবে;

(গ) ৮.১ ক্রমিকের একক-এ % দিতে এবং কোয়ার্টারগুলোর প্রযোজ্য সব ঘর পূরণ করতে হবে; ১০.১ অংশীজন সভা, প্রশিক্ষণ ব্যয়, NIS পুরস্কার ও NIS সংশ্লিষ্ট ব্যয়সহ অর্থ যোগ করে প্রযোজ্য পরিমাণ ভাগ করে ৪ প্রান্তিকে দেখাতে হবে;

(ঘ) ১১.১ ক্রমিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রার তারিখ ১২/০৭/২০১৮ ১১.২ ক্রমিকের নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রায় ৪টি তারিখ উল্লেখ করতে হবে;

৬. বিআরটিসি'র NIS কর্ম-পরিকল্পনার

(ক) ১.৩ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(খ) ৩.১ ক্রমিকে কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে;

(গ) ৪.১ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ঘ) ৪.৪ ক্রমিকের তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ঙ) ৪.৫ ক্রমিকের তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ এর লক্ষ্যমাত্রা সংখ্যায় নির্ধারণ করতে হবে;

(চ) ৫.৩ ক্রমিকের দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার লক্ষ্যমাত্রায় অন্তর্ভুক্ত করতে হবে;

(ছ) ৬.৩ ক্রমিকের চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণ এর একক সংখ্যার পরিবর্তে % হবে এবং প্রতি প্রান্তিকে ভাগ করে দেখাতে হবে;

(জ) ৭.২ ক্রমিক স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

চলমান পাতা-৫

(ঝ) ৮ ক্রমিকের দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম এর লক্ষ্যমাত্রায় অন্তর্ভুক্ত করতে হবে।

(ঞ) ১১.১ ক্রমিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রার তারিখ ১২/০৭/২০১৮ করতে হবে।

(ট) ১১.২ ক্রমিকে নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রায় ৪টি তারিখ উল্লেখ করতে হবে;

(ঠ) ১১.৪ ক্রমিকে আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন একটি তারিখ নির্ধারণ করতে হবে; (৩০/০৩/১৯ এবং ২৫/০৬/১৯ দুটি তারিখ আছে);

(ড) ১১.৫ ক্রমিকে আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান এর লক্ষ্যমাত্রা ৪ প্রন্তিকেই করতে হবে।

৭. ডিটিসিএ'র NIS কর্ম-পরিকল্পনার

(ক) ১.৩ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(খ) ৩.১ ক্রমিকের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে;

(গ) ৪.১ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ঘ) ৪.৪ ক্রমিকের তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(ঙ) ৫.৪ ক্রমিকের ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন এর লক্ষ্যমাত্রায় কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;

(চ) ৬.৩ ক্রমিকের চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণ এর একক সংখ্যার পরিবর্তে % হবে এবং প্রতি প্রান্তিকে ভাগ করে দেখাতে হবে;

(ছ) ৭.২ ক্রমিকের স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ এর লক্ষ্যমাত্রা ৪ প্রান্তিকেই করতে হবে;

(জ) ৮ সূচকের মান দিতে হবে; (প্রতি কার্যক্রমে ২ করে মোট ৬ হতে পারে);

(ঝ) ১০.১ অংশীজন সভা, প্রশিক্ষণ ব্যয়, NIS পুরস্কার ও NIS সংশ্লিষ্ট ব্যয়সহ অর্থ যোগ করে প্রযোজ্য পরিমাণ ভাগ করে ৪ প্রান্তিকে দেখাতে হবে;

(ঞ) ১১.১ ক্রমিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রার তারিখ ১২/০৭/২০১৮ হবে;

(ট) ১১.২ ক্রমিকের নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল এর লক্ষ্যমাত্রায় ৪টি তারিখ উল্লেখ করতে হবে;

চলমান পাতা-৬

(ঠ) ১১.৩ ক্রমিকের মন্তব্য ঘরে অধীনস্থ অফিস না থাকার প্রেক্ষাপট উল্লেখ করে প্রযোজ্য নয় লিখতে হবে;

৮. এ বিভাগের NIS সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণকারীদের জন্য বিধি মোতাবেক সম্মানীভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/৭/১৮
(মোঃ মোশাররফ হোসেন)
অতিরিক্ত সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৪.০৬.০২০.১৮-১২৭

তারিখ : ০১ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ / ১৬ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/এস্টেট/বাজেট/উন্নয়ন/আইন/আরবান ট্রান্সপোর্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৯। উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ/বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। অফিস কপি/মাস্টার কপি।

16/7/2018

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৭
E-mail: dsdtcadmtc@rthd.gov.bd